FEB. 27 2001

দৈনিক ইনকিলাব

# দেশের লক্ষাধিক বেসরকারী প্রাথমিক শিক্ষক ঈদের আগে বেতন পাচ্ছেন না

**নাছিম-উল-আলম ঃ** দেশের লক্ষাধিক বেসরকারী প্রাথমিক শিক্ষক সময়মত বেতন-ভাতা না পাওয়ায় আসন্ন ঈদুল আযহায় সন্তান-সন্ততির মুখে হাসি ফোটাতে পারবেন না। গত ঈদুল ফিতরের সময়ও ঐসব শিক্ষক বকেয়া বেতন-ভাতা পাননি।

উল্লেখ্য, দেশের লক্ষাধিক বেসরকারী প্রাথমিক শিক্ষক-শিক্ষিকা প্রত্যেকে মাসে সর্বসাকুল্যে মাত্র দেড় হাজার টাকার মত বেতন পান সরকারী তরফ থেকে। আমলাদের কূটচালে তাও মাসের পর মাস বকেয়া পড়ে থাকে। গত জানুয়ারী মাসের বেতনের সরকারী অংশ এখনও ব্যাংকে পাঠানো হয়নি। ফেব্রুয়ারী মাসও শেষপ্রায়। কিন্তু ঐসব শিক্ষকের ভাগ্যে কি আছে তা সম্পূর্ণ অজ্ঞাত। অথচ সময়মত পদক্ষেপ গ্রহণ করলে অভাবগ্রস্ত ঐসব শিক্ষক অন্তত সরকারী অংশের বেতনের টাকা পেয়ে কিছুটা হলেও স্বাচ্ছন্দ্যবোধ করতেন।

গত ঈদুল ফিতরের সময়ও দেশের লক্ষাধিক বেসরকারী প্রাথমিক শিক্ষক পরিবারে হাসির পরিবর্তে বেদনার আভাস দেখা গেছে। একই অবস্থা আসন্ন ঈদুল আযহায়ও।

বিষয়টি খোঁজ নিয়ে যতদূর জানা গেছে, তাতে ঈদের আগে আর তাদের বেতন পাওয়ার কোন সম্ভাবনা নেই। এ ব্যাপারে

দেশের বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি এম সামসুল আলম দুঃখ ও ক্ষোভ প্রকাশ করে বলেন, সরকার যেমনি দীর্ঘদিনেও আমাদের চাকরি জাতীয়করণের একদফা দাবী মানেননি, তেমনি বেতনের যে

সরকারী অংশ দেয়া হয়, তাও অনিয়মিত। এমনকি খুশির ঈদও আমাদের কাছে দুঃখের দিনে পরিণত হচ্ছে সরকারী আচরণে। এটা প্রাথমিক শিক্ষকদের সঙ্গে অনেকটা প্রতারণার শামিল বলে তিনি মন্তব্য করেন।